তারিখ 17 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর



সিলেটে অর্থমন্ত্রীর সংবর্ধনাস্থল থেকে উদ্ধার হওয়া দেশীয় অস্ত্র যুগান্তর

# সিলেটে অর্থমন্ত্রীর সংবর্ধনা অনুষ্ঠান শেষে ছাত্রলীগের সংঘর্ষ

## ২৩টি রামদা উদ্ধার

**সিলেট ব্যুরো**

সিলেটে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সংবর্ধনা অনুষ্ঠান শেষে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় পুলিশ অভিযান চালিয়ে ২৩টি রামদা ও ৬টি লোহার পাইপ উদ্ধার করে। শনিবার সন্ধ্যায় নগরীর রিকাবীবাজারে কবি নজরুল অডিটোরিয়ামে এ ঘটনা ঘটে। সংঘর্ষে এলাকায় আতংক দেখা দেয়। ব্যবসায়ীরা ভয়ে দোকানপাট বন্ধ করে দেন।

জানা যায়, সংবর্ধনা অনুষ্ঠানে প্রবেশ করার সময় গেটে কথাকাটাকাটি নিয়ে আওয়ামী লীগ নেতা বিধান সাহা গ্রুপ ও কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা মঈনুল ইসলাম গ্রুপের মধ্যে হাতাহাতি হয়। সন্ধ্যা ৬টায় অর্থমন্ত্রী অনুষ্ঠানস্থল ত্যাগ করার পর উভয়পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় উভয়পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এতে আহত হয়েছেন ২৪নং ওয়ার্ড শ্রমিক লীগের সভাপতি আবদুল মন্নান। তাকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ নিয়ন্ত্রণের সময় কোতোয়ালি থানার ওসি সুহেল আহমদ কিছুটা আহত হন। এ সময় বৃষ্টি শুরু হলে উভয়পক্ষ পালিয়ে যায়। পরে পুলিশ কবি নজরুল অডিটোরিয়ামের পার্শ্ববর্তী জেলা স্টেডিয়ামের প্রধান ফটকের কাছ থেকে একটি সিএনজি অটোরিকশা থেকে ২৩টি রামদা ও ৬টি লোহার রড উদ্ধার করে।

কোতোয়ালি থানার ওসি সুহেল আহমদ জানান, সন্ধ্যায় অনুষ্ঠানস্থলের বাইরে দাঁড়িয়ে থাকা একটি সিএনজি অটোরিকশায় (সিলেট-থ-১২৩৭৭৩) তল্লাশি করে একটি বস্তা থেকে ২৩টি রামদা ও ৬টি লোহার পাইপ উদ্ধার করা হয়। তবে আটোরিকশার চালক ও সংশ্লিষ্ট কাউকে পাওয়া যায়নি। অটোরিকশাটি জব্দ করা হয়েছে।

উল্লেখ্য, স্বাধীনতা পদক পাওয়ায় শনিবার বিকালে কবি নজরুল অডিটোরিয়ামে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে সিলেট জেলা ও মহানগর আওয়ামী লীগ।